চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম ।

প্রেস বিজ্ঞপ্তি

শহীদ পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অভিভাবক সমাবেশ

চট্টগ্রাম- ২৮ অক্টোবর ২০১৮

নগরীর পাঁচলাইশ শহীদ পাড়া সরকারি প্রাথামিক বিদ্যালয়ের অভিভাবক সমাবেশ গত শনিবার সকালে অনুষ্ঠিত হয়। সমাবেশে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন রাজনীতিক এম খালিলুর রহমান। স্কুল পরিচালনা কমিটির সাবেক সভাপতি মো. সিরাজ উদ্দীন কোম্পানীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি ছিলেন রাজনীতিক আবদুর রহিম, পাঁচলাইশ থানা শিক্ষা অফিসার মু. আবদুল হামিদ, থানা রিসোর্স সেন্টার এর ইন্সট্রাকক্টর দিলরুবা জাহান, হকারী থানা শিক্ষা অফিসার ইসরাত জাহান, সাবেক কাউন্সিলর মো. শফিকুল ইসলাম, রাজণীতিক মহব্বত আলী খান, আবদুল নবী লেদু, এম দলিলুর রহমান, মো. নজির আহমদ, শেখ মো. ছাবেদুর রহমান, লায়ন এম.রেজাউল করিম আরিফ, সৈয়দ মো. এয়াকুব আলম, সমাজ সেবক এম এ মালেক নুরী, এডভোকেট ছালামত উল্লাহ চৌধুরী সহ অন্যরা। প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, আজকের শিশুরা আগামী দিনের ভবিষ্যৎ। প্রাথমিক শিক্ষার স্তরে একজন শিক্ষার্থীর ভিত্তি গড়ে উঠে। তাই প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের পাঠ দানের ক্ষেত্রে শিক্ষকদের যেমন যত্নশীল হতে হবে তেমনি অভিভাবকদেরও সন্তানের সার্বিক বিষয়ে খেয়াল রাখা প্রয়োজন। কারণ এ সময়ে শিশুদের মনন জগতে বড় ধরনের পরিবর্তন ঘটে। মেয়র শিক্ষার্থীদের সার্বিক মানোন্নয়নের উদ্দেশ্যে বিশেষ করে পরীক্ষার্থী, অপেক্ষাকৃত দুর্বল, অকৃতকার্য শিক্ষার্থীদের জন্য গৃহীত পদক্ষেপ সমন্বয় ও বাস্তবায়নের সুবিধার্থে অভিভাবকবৃন্দকে নিয়ে নিয়মিত সমাবেশ অনুষ্ঠানের ওপর গুরুত্বারোপ করেন ।

চট্টগ্রাম গাহাস্থ্য অর্থনীতি কলেজকে গ্রহনের পত্র দিল চসিক

চট্টগ্রাম- ২৮ অক্টোবর ২০১৮

নগরীর হালিশহরস্থ চট্টগ্রাম গাহাস্থ্য অর্থনীতি কলেজকে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক অধিভুক্ত করা চসিকের পত্র দেয়ার প্রেক্ষিতে আজ রবিবার সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে তাঁর অফিস কার্যালয়ে চট্টগ্রাম গাহাস্থ্য অর্থনীতি কলেজের এক প্রতিনিধি দল সৌজন্য সাক্ষাত করেন। প্রতিনিধিদলের মধ্যে কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি আলহাজ্ব জালাল আহমেদ, অধ্যক্ষ আলম আকতার, সহকারী অধ্যাপক মোহাম্মদ ওসমান গণি, ক্রীড়া শিক্ষক ও চট্টগ্রাম মহিলা কলেজের ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদিকা রোজিনা বেগম ছবি উপস্থিত ছিলেন। চসিক প্রেরিত এই পত্রে আগামী ১লা নভেম্বর ২০১৮ ইং তারিখ থেকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অধিভুক্তির কথা উল্লেখ আছে এবং এই তারিখ থেকে সিটি কর্পোরেশনের একটি শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে গণ্য হলো। অধিভুক্তির জন্য প্রতিনিধিদলের সদস্যবৃন্দ সিটি মেয়রকে ধন্যবাদ জানান এবং কৃতজ্ঞতা প্রকাশ করেন। এছাড়া বৈঠকে প্রতিনিধিদলের সদস্যবৃন্দ কলেজের সার্বিক অবস্থা সম্পর্কে সিটি মেয়রকে অবহিত করেন। বৈঠকে মেয়র কলেজের শিক্ষার পরিবেশ অক্ষুন্ন রাখা,পাঠদানে সংশ্লিষ্টদের আন্তরিক হওয়ার তাগিদ দেন মেয়র।

প্রেস বিজ্ঞপ্তি

কাউন্সিলরের দায়িত্বভার গ্রহণের তিন বছর পূর্তি

ফিরিঙ্গীবাজারের চেহারা

পাল্টে দেয়া হবে : মেয়র

চট্টগ্রাম- ২৮ অক্টোবর ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন ফিরিঙ্গীবাজার ওয়ার্ডকে ব্যবসা বান্ধব নিরাপদ এলাকায় পরিণত করতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষ থেকে একগুচ্ছ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এই পরিকল্পনা গুলো বাস্তবায়ন হলে এই ওয়ার্ডের চেহারা পাল্টে যাবে। তিনি গত শনিবার সন্ধ্যায় ফিরিঙ্গীবাজার ওয়ার্ডের ডা. জাকির হোসেন হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ মাঠে কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লবের দায়িত্বভার গ্রহনের তিন বছর পূর্তি অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। অনুষ্ঠানে এলাকার ৩৬ বিশিষ্ট গুণী ব্যক্তিকে সম্মাননা প্রদান করা হয়। এর মধ্যে ৩০ ব্যক্তিকে মুক্তিযুদ্ধ, সমাজ বিনির্মাণ, চিকিৎসা শাস্ত্র, শিল্প, সংস্কৃতি, ক্রীড়া, আইন পেশায় বিশেষ অবদানের জন্য সম্মাননা দেয়া হয়। অন্য ৬ গুনী ব্যক্তিরা হলেন মরণোত্তর চট্টগ্রাম পৌরসভার প্রথম চেয়ারম্যান মৌলভী নুর আহমদ, ধর্ম প্রচারক মৌলানা খলিলুর রহমান, খান বাহাদুর আবদুল হক দোভাষ, খান বাহাদুর আবদুর রহমান দোভাষ, এম জানে আলম দোভাষ ও ডা. জাকির হোসেন চৌধুরী।

কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লবের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন চসিক কাউন্সিলর তারেক সোলায়মান সেলিম,নাজমুল হক ডিউক, মাজহারুল ইসলাম চৌধুরী, ইসমাইল হোসেন বালি, প্রধান নির্বাহি কর্মকর্তা মো. সামসুদ্দোহা, সচিব আবুল হোসেন । উপস্থিত ছিলেন সাবেক সাংসদ বেগম হাসিনা মান্নান, শেখ মাহমুদ ইসহাক, ডা. তিমির বরণ চৌধুরী, মো. ইউসুফ সর্দার,আবুল মনসুর, হাজী আবদুর রহমান, আবু মো.আবছার উদ্দিন চৌধুরী, দিদারুল আলম মাসুম, আবদুল হাই,আশফাক আহমেদ,অধ্যাপক সেলিম জাহাঙ্গীর,মো. ইসকান্দর আলী চৌধুরী,শিক্ষক শাহাদাত হোসেন, শফিক আহমদ সর্দার, সফিক আহমদ,আবদুল হামিদ সওদাগর, জহুর আহমদ সওদাগর,আবদুল হালিম দোভাষ,মো. গোলাম কিবরিয়া,ওমর উদ্দিন আনসারী,জাহাঙ্গীর সিদ্দিকি,তালুকদার হালিম,নাসির আহমদ,ইমরান কাদের,দিদারুল আলম দিদার,পুলক খাস্তগীর প্রমুখ। শুরুতে পবিত্র কোরাণ তেলাওয়াত মৌলানা ওসমান গণি, গীতা পাঠ করেন রাখাল চন্দ্র দাশ। পরে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও যাদু প্রদর্শন করা হয়।

প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র বলেন, দায়িত্ব গ্রহণের এই তিন বছর সময়ে ফিরিঙ্গিবাজার ওয়ার্ডে যে উন্নয়ন হয়েছে গত ২০ বছরে তা হয়নি। এই ওয়ার্ডের সড়ক সংস্কার,নালা নির্মাণ,খালের মাটি উত্তোলন,শিক্ষা প্রতিষ্ঠান সংস্কার,মসজিদ ও মাদ্রাসার উন্নয়ন, হোমিও চিকিৎসালয়,মিডওয়াইফারী ইন্সটিটিউট,হেলথ টেকনোলজি উন্নয়ন ও সংস্কার কাজে এই পর্যন্ত ব্যয় করা হয়েছে প্রায় দেড়'শ কোটি টাকা। এখনও বেশ কটি প্রকল্পের কাজ চলমান আছে। আগামী বছরে চলমান প্রকল্পগুলোর কাজ সম্পন্ন হবে। এগুলো সম্পন্ন হলে ফিরিঙ্গিবাজার ওয়ার্ড নগরের উন্নত ওয়ার্ডে পরিণত হবে। এলাকায় ইতোমধ্যে অনুন্নত সকল সড়কের তালিকা প্রস্তুতির কাজ চলছে। একনেকে অনুমোদকৃত ১২৩০ কোটি টাকার সড়ক নেটওয়ার্ক প্রকল্পের অধীনে তালিকাভুক্ত সড়কগুলোর সংস্কার এবং উন্নয়ন কাজ বাস্তবায়ন করা হবে।

সভাপতির বক্তব্যে কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব বলেন, দায়িত্ব গ্রহণের পর থেকে এলাকায় আমি দল,মত নির্বিশেষে সকল শ্রেণির মানুষের মতামত,পরামর্শ নিয়ে কাজ করে যাচ্ছি। এলাকার উন্নয়নে একের পর এক প্রকল্প বাস্তবায়ন করে যাচ্ছি। এলাকাবাসীর যেকোন সমস্যা সমাধানে তাদের পাশে থাকার সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। তিনি আগামীতেও এলাকাবাসীর সুখে দুঃখে থাকার প্রত্যয় ব্যক্ত করেন।

মুক্তিযুদ্ধের বিজয় মেলার কমিটি গঠিত

চট্টগ্রাম- ২৮ অক্টোবর ২০১৮

আজ রবিবার নগর ভবন কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে ২০১৮ সালের মুক্তিযুদ্ধের বিজয় মেলা আয়োজনের লক্ষ্যে মুক্তিযোদ্ধা, সাংবাদিক, সাংস্কৃতিক কর্মীদের উপস্থিতিতে এক সাধারণ সভা কমান্ডার মো. শাহাবুদ্দিন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। সভায় সুন্দর এবং সুষ্ঠুভাবে বিজয় মেলা উদযাপনের লক্ষ্যে বক্তব্য রাখেন কমান্ডার মোজাফ্ফর আহমদ, কমান্ডার মো.সাহাবুদ্দিন, আবুল হাসেম, আবু সাঈদ সর্দ্দার, সরওয়ার কামাল দুলু, সাধন চন্দ্র বিশ্বাস, শহীদুল হক চৌধুরী সৈয়দ, খোরশেদ আলম, বেলাল আহমদ প্রমুখ। সভায় সর্বসম্মতিক্রমে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনকে প্রধান পৃষ্ঠপোষক হিসেবে দায়িত্ব প্রদান করা হয়। সভায় সর্বসম্মতিক্রমে মহানগর আওয়ামীলীগের সভাপতি মুক্তিযোদ্ধা মাহতাব উদ্দিন চৌধুরী চেয়ারম্যান, মুক্তিযোদ্ধা আবুল

হাসেম কার্যকরি চেয়ারম্যান, কমান্ডার মোজাফ্ফর আহমদ মহাসচিব, মো. শাহাবুদ্দিন, বদিউল আলম, জাহাঙ্গীর চৌধুরী, আবু সাঈদ সর্দার, এ কে এম সরওয়ার কামাল, আবুল কাসেম চিশতি, মহিউদ্দিন রাশেদ, এম এন ইসলাম, চৌধুরী মাহবুবুর রহমান, দেবাশীষ গুহ বুলবুল কো চেয়ারম্যান, শহীদুল হক চৌধুরী সৈয়দ, সেকান্দর আলম চৌধুরী, বেলাল আহম্মদ যুগ্ম মহাসচিব এবং সাধন চন্দ্র বিশ্বাসকে অর্থ সচিব মনোনিত করে ১০১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

বহদ্দারহাটে প্রিমিয়ার ব্যাংকের
নতুন শাখার উদ্বোধন করবেন মেয়র

চট্টগ্রাম- ২৮ অক্টোবর ২০১৮

নগরীর বহদ্দারহাটস্থ র‌্যাব অফিসের বিপরীতে প্রিমিয়ার ব্যাংকের ১০৫তম শাখা আগামীকাল সোমবার সকাল সাড়ে ১০ টায় উদ্বোধন করা হবে। এই নতুন শাখাটি উদ্বোধন করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। প্রিমিয়ার ব্যাংকের উপদেষ্টা মোহাম্মদ আলী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। এতে সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ রইল।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন